# সাবেক শিক্ষামন্ত্রী নওফেলের চট্টগ্রামের বাসভবনে অভিযান,আটক ৭



সংগৃহীত ছবি

সাবেক শিক্ষামন্ত্রী ও কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতা মহিবুল হাসান চৌধুরী নওফেলের বাসভবনে পুলিশ অভিযান চালিয়ে সাতজনকে আটক করেছে।
বুধবার (১২ নভেম্বর) বিকেলে নগরের ২ নম্বর গেটের চশমা হিল এলাকায় পাঁচলাইশ থানা পুলিশ এই অভিযান পরিচালনা করে।
পুলিশ জানিয়েছে, আগামিকাল বৃহস্পতিবার (১৩ নভেম্বর) কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কর্মসূচিতে যোগ দেওয়ার জন্য কয়েকজন ব্যক্তি এই বাসভবনে জড়ো হচ্ছেন বলে একটি ফেসবুক পোস্টে উল্লেখ করা হয়। সেই তথ্যের সূত্র ধরেই অভিযান চালানো হয়।
পাঁচলাইশ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সোলাইমান এ বিষয়ে বিস্তারিত বলেন; "আমরা একটি ফেসবুক পোস্ট পেয়েছি, যেখানে বলা হচ্ছে ১৩ নভেম্বরের কর্মসূচি ঘিরে এখানে কিছু লোক জড়ো হচ্ছে। আমাদের কাছে আরও তথ্য ছিল যে এখানে যাঁরা জড়ো হচ্ছেন, তাদের জন্য বাইরে থেকে খাবার আসছে। তবে আমরা সে ধরনের কিছু পাইনি।"
তিনি আরও জানান, আটক ব্যক্তিদের বর্তমানে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নেওয়া হচ্ছে।

LENS ASIA